

ওয়ার্ড ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

## আইন না মানা বিশ্ববিদ্যালয়কে কোনো ছাড় নয়

### ■ সমকাল প্রতিবেদক

আইন না মানা বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে কোনো ছাড় দেওয়া হবে না বলে হুঁশিয়ারি করেছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে জারি করা শর্তগুলো এখনও যারা বাস্তবায়ন করেনি, তাদের বিরুদ্ধে শিগগিরই আইনি ব্যবস্থা নেওয়া হবে। এক্ষেত্রে কাউকেই কোনো ছাড় দেওয়া হবে না।

গতকাল শুক্রবার রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সের প্যারেড গ্রাউন্ডে বেসরকারি ওয়ার্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর তৃতীয় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সমাবর্তনে শিক্ষামন্ত্রী বলেন, অনেক বেসরকারি বিশ্ববিদ্যালয় শর্ত বাস্তবায়ন করলেও কিছু প্রতিষ্ঠান তা করেনি বা করতে ব্যর্থ হয়েছে। তাদের বিরুদ্ধে অবশ্যই আইনি ব্যবস্থা নেওয়া হবে। মন্ত্রী বলেন, দেশকে আরও আধুনিক করতে শিক্ষার্থীদের যথার্থ শিক্ষায় শিক্ষিত হতে হবে। ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের রাষ্ট্রে পরিণত করা হবে। আর ২০৪১ সালে হবে উন্নত রাষ্ট্র।

নাহিদ বলেন, এখন আর সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় আলাদা করে দেখা হয় না। শিক্ষার মান উন্নয়নে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে আরও বেশি জোর দেওয়া উচিত।

এতে সমাবর্তন বক্তা ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, ওয়ার্ড ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী, বোর্ড অব ট্রাষ্টির সদস্য সচিব ড. মুশফিক মান্নান চৌধুরী, ট্রেজারার মোর্শেদা চৌধুরী। সমাবর্তনে তিনজন মেধাবী শিক্ষার্থীকে স্বর্ণপদকসহ মোট দুই হাজার ৮৯৪ জনকে সনদ দেওয়া হয়।